



ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক

জনসংযোগ দপ্তর

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

রাজশাহী ৬২০৪, বাংলাদেশ।

স্মারক নং: রুয়েট/জস/১৭৭/২০২৫

তারিখঃ ১৭ এপ্রিল ২০২৫ খ্রিঃ

সংবাদ বিজ্ঞপ্তি

রুয়েট কেন্দ্রে খুবি'র সি ইউনিটের প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন

খুলনা বিশ্ববিদ্যালয়ের (খুবি) ২০২৪-২০২৫ সেশনের প্রথম বর্ষ ভর্তি স্নাতক (সম্মান) শ্রেণীর পরীক্ষার অংশ হিসেবে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) কেন্দ্রে আজ বৃহস্পতিবার (১৭ এপ্রিল) “সি” ইউনিটের ভর্তি পরীক্ষা অত্যন্ত সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে।

রুয়েটের বিভিন্ন ভবনে “সি” ইউনিটের ভর্তি পরীক্ষা সকাল ১০ টায় শুরু হয়ে শেষ হয় দুপুর দেড়টায়। রুয়েট কেন্দ্রে “সি” ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য ৭ হাজার ৫৫১ জন ছাত্র-ছাত্রী মনোনীত হয়েছিল। যার মধ্যে আজ বৃহস্পতিবার অনুষ্ঠিত “সি” ইউনিটের প্রথম বর্ষ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করেছে ৫ হাজার ৮৬১ জন ছাত্র-ছাত্রী। অর্থাৎ “সি” ইউনিটের ভর্তি পরীক্ষায় প্রায় ৭৭.৬২ শতাংশ ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেছে।

রুয়েট উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুর রাজ্জাক সহ বিশ্ববিদ্যালয়ের বিশিষ্ট শিক্ষক ও উর্ধ্বতন কর্মকর্তারা পরীক্ষার হলগুলো পরিদর্শন করেন। পরীক্ষা চলাকালে ক্যাম্পাসে আইন শৃঙ্খলা বাহিনীর পাশাপাশি আনসার ও স্বেচ্ছাসেবী সদস্যরা নিয়োজিত ছিলো।

সকাল থেকেই ভর্তি পরীক্ষার্থী ও তাদের অভিভাবকদের পদচারণায় রুয়েট ক্যাম্পাস হয়ে উঠেছিল মুখরিত। ভর্তি পরীক্ষা চলাকালে কোন প্রকার অপ্রীতিকর ঘটনা সংঘটিত হয়নি। ভর্তি পরীক্ষা অত্যন্ত সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন হওয়ায় উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুর রাজ্জাক সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, স্বেচ্ছাসেবক এবং স্থানীয় প্রশাসনের কর্তব্যব্যক্তিদের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃজ্ঞতা জানিয়েছেন।

উল্লেখ্য যে, আগামীকাল ১৮ এপ্রিল শুক্রবার সকাল ১০ টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত “বি” ইউনিটের ভর্তি পরীক্ষা এবং একইদিন বিকেল ৩ টা থেকে বিকেল ৫:৪০ মিনিট পর্যন্ত “এ” ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বার্তা প্রেরক -

স্বাক্ষরিত/-

উপ-পরিচালক

জনসংযোগ দপ্তর

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়